গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
কল্যাণ-২ শাখা
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
www.molwa.gov.bd

নম্বর: ৪৮.০০.০০০০.০০৬.০২২.০০১.২৫-৩৬

তারিখ: ০৪ ফাল্গুন ১৪৩১ / ১৭ ফেব্রুয়ারি ২০২৫

**পরিপত্র**

বিষয়ঃ বীর মুক্তিযোদ্ধার অবর্তমানে সহোদর ভাই-বোনের সম্মানি ভাতা প্রাপ্তি এবং একাধিক ওয়ারিশের সম্মানি ভাতা প্রাপ্তির হার স্পষ্টীকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে "বীর মুক্তিযোদ্ধা সম্মানি ভাতা বিতরণ আদেশ, ২০২০" গত ১৫ জুলাই ২০২০ তারিখে জারি করা হয়েছে এবং পরবর্তীতে ০৮ আগস্ট ২০২১ তারিখে এর সংশোধনী জারি করা হয়েছে (কপি সংযুক্ত)। উক্ত আদেশের আলোকে বীর মুক্তিযোদ্ধাগণের অনুকূলে সম্মানি ভাতা বরাদ্দ, মঞ্জুরি এবং বিতরণ করা হয়ে থাকে। বিদ্যমান আদেশে বীর মুক্তিযোদ্ধা পরিবারে সম্মানি ভাতা বিতরণ বিষয়ক নির্দেশনা ৮নং অনুচ্ছেদে বর্ণিত রয়েছে। বীর মুক্তিযোদ্ধা মৃত্যুবরণ করলে তাঁর স্ত্রী/স্বামী, বীর মুক্তিযোদ্ধা স্ত্রী বা স্বামীর অবর্তমানে পিতা-মাতা, বীর মুক্তিযোদ্ধার স্ত্রী বা স্বামী, পিতা-মাতা অবর্তমানে সন্তান এবং সকলের অবর্তমানে জীবিত সহোদর ভাই-বোন সম্মানি ভাতা পেয়ে থাকেন।

০২. সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে, কোনো বীর মুক্তিযোদ্ধা সম্মানি ভাতা ভোগরত অবস্থায় মৃত্যুবরণ করার পরও তাঁর ভাই-বোন বীর মুক্তিযোদ্ধা সম্মানি ভাতা প্রাপ্তির জন্য আবেদন করছেন। একইভাবে বীর মুক্তিযোদ্ধার কোনো ওয়ারিশ যেমন: স্ত্রী, স্বামী, পিতা-মাতা অথবা সন্তান সম্মানি ভাতা ভোগ করার পরও তাঁদের অবর্তমানে সহোদর ভাই-বোন সম্মানি ভাতা দাবি করছেন যা "বীর মুক্তিযোদ্ধা সম্মানি ভাতা বিতরণ আদেশ, ২০২০" এর সামঞ্জস্যপূর্ণ নয়। বীর মুক্তিযোদ্ধা কিংবা তাঁর অপর কোনো ওয়ারিশগণ (স্বামী/স্ত্রী/পিতা-মাতা/সন্তান) কখনো বীর মুক্তিযোদ্ধা সম্মানি ভাতা গ্রহণ না করে থাকলে কেবল সেক্ষেত্রে জীবিত সহোদর ভাই-বোন সম্মানি ভাতা প্রাপ্য হবেন।

০৩. অপরদিকে "বীর মুক্তিযোদ্ধা সম্মানি ভাতা বিতরণ আদেশ, ২০২০ (সংশোধনীসহ)" অনুসারে বীর মুক্তিযোদ্ধার অবর্তমানে ওয়ারিশ/ওয়ারিশগণ প্রযোজ্য হারে বীর মুক্তিযোদ্ধা সম্মানি ভাতা প্রাপ্ত হবেন। উল্লেখ্য, কোন সম্মানি ভাতাভোগী ওয়ারিশ মৃত্যুবরণ করলে তার অংশের সম্মানি ভাতা বন্ধ হয়ে যাবে। অপর ওয়ারিশগণ মৃত ওয়ারিশের অংশ দাবি করতে পারবেন না। তবে সম্মানি ভাতা বিতরণ শুরুর ক্ষেত্রে জীবিত ওয়ারিশগণ প্রযোজ্য হারে সম্পূর্ণ ভাতা প্রাপ্য হবেন।

০৪. এমতাবস্থায়, সহোদর ভাই-বোনের সম্মানি ভাতা বিতরণের ক্ষেত্রে এবং একাধিক ওয়ারিশের সম্মানি ভাতা প্রদানের হার উপরোক্ত নির্দেশনা অনুযায়ী বাস্তবায়ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৭.০২.২৫


(নুসরাত জাহান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ০২ ৪১০৫৩৬৫২
saswelfare2@molwa.gov.bd


বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। জেলা প্রশাসক (সকল);
২। উপজেলা নির্বাহী অফিসার (সকল);
৩। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক পিএলসি (সকল)

নম্বর: ৪৮.০০.০০০০.০০৬.০২২.০০১.২৫-৩৬

তারিখ ০৪ ফাল্গুন ১৪৩১
১৭ ফেব্রুয়ারি ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। বিভাগীয় কমিশনার (সকল);
২। সিইও ও ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা (সংশ্লিষ্ট সকল শাখা-কে অবহিত করার অনুরোধসহ);
৩। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;
৫। সিস্টেম এনালিস্ট, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৭.০২.২৫
(নুসরাত জাহান)
সিনিয়র সহকারী সচিব